

আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُف

আয়াতঃ ৪৩ : ৮৪

আরবি মূল আয়াত:

وَهُوَ الَّذِي فِي السَّمَاءِ إِلَهٌ وَفِي الْأَرْضِ إِلَهٌ ۚ وَهُوَ الْحَكِيمُ الْعَلِيمُ

﴿ ৪৩ ﴾

অনুবাদসমূহ:

আর তিনিই আসমানে ইলাহ এবং তিনিই যমীনে ইলাহ; আর তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। — আল-বায়ান

আকাশমন্ডলে তিনিই ইলাহ, যমীনে তিনিই ইলাহ, তিনি মহাবিজ্ঞ, সর্বজ্ঞ। — তাইসিরুল

তিনিই মা'বুদ নভোমন্ডলের, তিনিই মা'বুদ ভূতলের এবং তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ। — মুজিবুর রহমান

And it is Allah who is [the only] deity in the heaven, and on the earth [the only] deity. And He is the Wise, the Knowing. — Sahih International

৮৪. আর তিনিই সত্য ইলাহ আসমানে এবং তিনিই সত্য ইলাহ যমীনে। আর তিনি হিকমতওয়ালা, সর্বজ্ঞ।

তাফসীরে জাকারিয়া

(৮৪) তিনিই উপাস্য নভোমন্ডলে, তিনিই উপাস্য ভূমন্ডলে[১] এবং তিনিই প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।

[১] এ রকম নয় যে, আকাশের উপাস্য অন্য একজন এবং পৃথিবীর উপাস্য আর একজন। বরং যেমন এই উভয়েরই সৃজনকর্তা একজনই, অনুরূপ উপাস্যও একজনই। এই অর্থেরই আয়াত হল এটা, {وَهُوَ اللَّهُ فِي السَّمَوَاتِ وَفِي الْأَرْضِ يَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُونَ} (الأنعام ৩) অর্থাৎ, তিনিই আল্লাহ আসমানে এবং যমীনে। তিনি তোমাদের গোপন ও প্রকাশ্য জানেন এবং তোমরা যা কর, তাও অবগত। (আনআমঃ ৩)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4409>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন